R. N. No. 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-৫৫৫২
রিপ্রোডাক্শন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

এম বি পাম্পসেট
চাষীভাইদের স্বপ্নকে সার্থক করে তোলে।
পরিবেশক :—
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৪শ বর্ষ.
৪৬শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ১৫ই চৈত্র, বুধবার, ১৩৮৪ সাল।
২৯শে মারচ, ১৯৭৮ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৭৲, সডাক ৮৲

## অধ্যাপক আক্রান্ত, আন্দোলন জোরদার

বহরমপুর, ২৫ মারচ—কয়েকজন গুণ্ডার হাতে ইউনিয়ন ক্রিশ্চিয়ান ট্রেনিং কলেজের অধ্যাপক রবীন গাঙ্গুলী গত ১৮ মারচ আক্রান্ত হয়েছেন বলে ডেমোক্রেটিক বি এড ট্রেনিজ ফ্রন্টের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে। অভিযোগে বলা হয়েছে, ঘটনার দিন কলেজের অধ্যাপক নিজামুদ্দিন সাহেব যথারীতি ক্লাস নিচ্ছিলেন। হঠাৎ কয়েকজন 'গুণ্ডা' এবং এই কলেজের একজন অশিক্ষক কর্মচারী ক্লাসের মধ্যে ঢুকে নিজামুদ্দিন সাহেবের উপর আক্রমণ চালায়। গোলমাল শুনে অধ্যাপক রবীন গাঙ্গুলী ছুটে আসেন। তিনি নিজামুদ্দিন সাহেবকে উদ্ধারের চেষ্টা করলে আক্রমণকারীরা তাঁর উপর হামলা করে। ফলে তিনি আহত ও অজ্ঞান হয়ে পড়েন। তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। অভিযোগে আরো বলা হয়েছে, 'যখন নির্বাচিত ছাত্রসংসদ দুর্নীতিবাজ অধ্যক্ষের বিরুদ্ধে লাগাতার আন্দোলন চালিয়ে যাচ্ছে, সেই সময় অধ্যক্ষ সুকৌশলে এই সকল ঘটনা ঘটিয়ে কলেজ বন্ধ করে দেবার চক্রান্ত করছেন।' ছাত্রসংসদের পক্ষ থেকে এক বিবৃতিতে বলা হয়েছে, বহরমপুর বি টি কলেজের চলতি শিক্ষাবর্ষের শুরু থেকেই কর্তৃপক্ষের একাধিক অগণতান্ত্রিক কার্যকলাপ, দুর্নীতি ইত্যাদির বিরুদ্ধে প্রায় ৪০০ ট্রেনি ছাত্রসংসদের নেতৃত্বে আন্দোলন চালাচ্ছেন। কলেজ কর্তৃপক্ষ শেষ কামড় দিতে চেষ্টা করছেন। যার ফলশ্রুতি ছাত্রসংসদ প্রতিনিধিদের উপর হামলা।

## ছাঁটাইয়ের চক্রান্ত?

ফরাক্কা ব্যারেজ, ২৮ মারচ—ফরাক্কা বাঁধ প্রকল্পে মেরিন বিভাগের ইনজিনীয়ার নাকি মাষ্টার রোলে কর্মরত কর্মীদের ছাঁটাইয়ের চক্রান্তে লিপ্ত হয়েছেন বলে খবর পাওয়া গিয়েছে। জনৈক মুখপাত্র জানিয়েছেন, কর্মী ছাঁটাইয়ের জন্য সংশ্লিষ্ট ইনজিনীয়ার সম্প্রতি ক্যানেল সারকেলের সুপারিনটেনডেনট ইনজিনীয়ারকে একটি চিঠি দিয়েছেন। প্রতিবাদে মাষ্টার রোলের কর্মীরা তাঁর অফিসের সামনে বিক্ষোভ প্রদর্শন করেছেন। কিন্তু তাঁর 'অনমনীয় মনোভাব'-এর দরুণ আগামী মাসে কর্মীদের ছাঁটাই অনিবার্য হয়ে উঠেছে বলে আশঙ্কা করা হচ্ছে।

## একটি ভোটগ্রহণ কেন্দ্র খোলার দাবি

ধুলিয়ান, ২৯ মারচ- সামসেরগঞ্জ থানার প্রতাপগঞ্জ অঞ্চলের মোট ১১৯৩ জন ভোটদাতার মধ্যে ৬৬৩ জনই গঙ্গার চর এলাকায় বসবাস করেন। ভোট দেওয়ার জন্য তাঁদের প্রায় ৯ কিলোমিটার পথ অতিক্রম করে গঙ্গানদীর অপর পারে সাহেবনগর প্রাথমিক বিদ্যালয় ও লোহরপুরে ভোট দিতে যেতে হয়। যাতায়াতের অসুবিধা, পয়সা খরচ ও সময়ের অভাবে অধিকাংশ ক্ষেত্রেই ভোটদাতারা তাঁদের পবিত্র ভোটাধিকার থেকে বঞ্চিত হয়ে আসছেন। এই বঞ্চনার প্রতিবাদে এবং পারলালপুরে একটি ভোটগ্রহণ কেন্দ্র খোলার দাবিতে ভোটদাতারা দীর্ঘদিন ধরে আন্দোলন চালিয়ে আসছেন। আসন্ন পঞ্চায়েত নির্বাচনের প্রাক্কালে একই দাবিতে রাজ্য কারা ও পঞ্চায়েত মন্ত্রী থেকে শুরু করে মুর্শিদাবাদ জেলা তথা জঙ্গিপুর মহকুমা প্রশাসনের দৃষ্টি আকর্ষ

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## স্কুলে অচলাবস্থা

জঙ্গিপুর, ২৯ মারচ—রঘুনাথগঞ্জ ২নং ব্লকের গিরিয়া জুঃ হাই স্কুলে কর্তৃপক্ষের লাগানো তালার ওপর মিঠিপুরের কিছু লোক আর একটি তালা মেরে দেওয়ায় স্কুলে অচলাবস্থার সৃষ্টি হয়েছে বলে অভিভাবকদের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে। বলা হয়েছে, স্কুল কর্তৃপক্ষ নিরুপায় হয়ে স্কুলের পাশে একটি আমবাগানে কোন রকম আসবাবপত্র ছাড়াই ১৩ মারচ থেকে মাটিতে বসে স্কুল চালাচ্ছেন। এ ব্যাপারে তাঁরা গভীর উদ্বেগ প্রকাশ করে স্কুলের অচলাবস্থা অবসানে সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন। স্কুলের প্রধান শিক্ষক এবং পরিচালকমণ্ডলীর সম্পাদক যুক্ত বিবৃতিতে জানিয়েছেন, ১৯৭৬ সাল থেকে নবম-দশম শ্রেণীসহ স্কুল চলতে থাকে এবং প্রস্তাবিত মিঠিপুর জুঃ হাই স্কুলের

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## দুঃসহ জলাভাব

নিজস্ব সংবাদদাতা, ২৯ মারচ—গত কয়েকদিন থেকে জঙ্গিপুর মহকুমা হাসপাতাল সংলগ্ন এলাকার ৬টি টিউবওয়েল অকেজো হয়ে যাওয়ার ফলে তীব্র জল সংকটে রোগীদের অবস্থা অসহনীয় হয়ে উঠেছে। এগুলি চালু করার দায়িত্ব রঘুনাথগঞ্জ ১নং ব্লকের।

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## শাখা ডাকঘর ভ্রাম্যমাণ ডাকঘরে রূপান্তরিত

নিজস্ব সংবাদদাতা : জঙ্গিপুর মহকুমার কুড়িটি শাখা ডাকঘরকে ভ্রাম্যমাণ ডাকঘরে রূপান্তরিত করা হয়েছে। গত বছর জনতা সরকার ক্ষমতায় আসার পর কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রী গ্রামে গ্রামে ডাক পৌঁছে দেওয়ার যে সিদ্ধান্ত ঘোষণা করেছিলেন, তাকেই বাস্তবে রূপ দিতে গিয়ে ভ্রাম্যমাণ ডাকঘরের ব্যবস্থা করা হয়েছে। তবে নতুন কোন ডাকঘর স্থাপনের পরিকল্পনা নাই। শাখা ডাকঘরকে ভ্রাম্যমাণ ডাকঘরে রূপান্তরের ফলে নতুন কোন কর্মসংস্থান হয়নি, কর্মচারীদের মাইনে কিছু বাড়ানো হয়েছে মাত্র।

## মেল রাণার প্রহৃত

নিজস্ব সংবাদদাতা : রঘুনাথগঞ্জ থানার দস্তামাড়া সড়কে ১৬ মারচ লালখান্দিয়ার শাখা ডাকঘরের মেল রাণার রাজকুমার ঘোষ দু'জন যুবকের হাতে প্রহৃত হয়েছেন। প্রকাশ, লালখান্দিয়ার থেকে ওই দিন দুপুরে

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

আপনার গৃহসজ্জায় অনুপম
সৌন্দর্য্যের জন্য যুগান্তকারী
একটি নাম—
গোদরেজ

আমাদের সঙ্গে যোগাযোগ করুন, আমরা আপনার ঘরে গোদরেজের আলমারী, রিফ্রেজেটর, চেয়ার টেবিল নামমাত্র খরচে পৌঁছে দেব॥

অনুমোদিত পরিবেশক
মেঃ ভকত ভাই প্রাঃ লিঃ
বোলপুর ★ বীরভূম
পিন : ৭৩১২০৪
ফোন নং ২৪১

## কৃষি সংবাদ

# শস্য রক্ষা অভিযানে সরকারী সাহায্য

শস্য গুদামজাত করার উপযুক্ত ব্যবস্থার অভাবে ইঁদুর ও নানা ধরনের কীট-পতঙ্গের উপদ্রবে বিপুল পরিমাণ খাদ্যশস্য প্রতি বছর নষ্ট হয়। এই ক্ষতির হাত থেকে শস্য বাঁচানোর উদ্দেশ্যে কৃষি বিভাগ থেকে শস্য মজুত রাখার উপযোগী ধাতুর পাত্র ( শীডবীন ) কৃষকদের কাছে কিস্তিতে বিক্রয় এর ব্যবস্থা করা হয়েছে।

## বিনের মাপ ও দাম

| মাপ | দাম | পরিবহণ খরচ | মোট দাম |
|---|---|---|---|
| ১। ৬২০ কেজি | ২৯৫ টাকা | ৪৫ টাকা | ৩৪০ টাকা |
| ২। ৩১০ কেজি | ১৯০ টাকা | ২১.৫০ টাকা | ২১২.৫০ টাকা |

বিনের দামের ৪০ শতাংশ ও পুরো পরিবহণ খরচ আগাম জমা দিতে হবে। দামের বাকী ৬০ শতাংশ সমান তিনটি কিস্তিতে তিন বছরে শোধ করতে হবে। এই ধরনের জন্য কোন সুদ দিতে হবে না। ক্ষুদ্র ও প্রান্তিক চাষীরা ক্ষুদ্র চাষী উন্নয়ন সংস্থার মাধ্যমে শীডবিন খরিদ করলে মূল দামের উপর অনুদান পাবেন।

মাঠে ফলান কষ্টার্জিত ফসল নষ্ট হতে দেবেন না। উপযুক্ত সংরক্ষণের মাধ্যমে আপনার শস্য সুরক্ষা করুন।

মুর্শিদাবাদ জেলার মুখ্য কৃষি আধিকারিক কর্তৃক প্রচারিত

[মুর্শিদাবাদ জেলা তথ্য ও জনসংযোগ দপ্তর কর্তৃক প্রেরিত]

### একটি ভোটগ্রহণ কেন্দ্র

( ১ম পৃষ্ঠার পর )

করা হয়েছে। কিন্তু, ভোটদাতাদের অভিযোগ, তাঁদের এ দাবি প্রশাসনের কাছে কোন গুরুত্ব পায়নি। তাই সংবাদপত্রের মাধ্যমে পুনরায় তাঁরা সরকারের দৃষ্টি আকর্ষণ করছেন যাতে প্রতাপগঞ্জ অঞ্চলের চর এলাকায় ভোটদাতারা আসন্ন পঞ্চায়েত নির্বাচনে তাঁদের পবিত্র ভোটাধিকার প্রয়োগ করতে পারেন সেই দিকে লক্ষ্য রেখে পারলালপুরে একটি ভোটগ্রহণ কেন্দ্র খোলা হোক।

### মেল রাণার প্রহৃত

( ১ম পৃষ্ঠার পর )

জঙ্গিপুরে ডাক নিয়ে আসার পথে দস্তামারা সড়কের একটি নির্জন জায়গায় তিনি আক্রান্ত হন। আক্রমণকারী যুবকদের সঙ্গে ধস্তাধস্তির পর কোনক্রমে তিনি জঙ্গিপুর ডাকঘরে পৌঁছান এবং ঘটনার কথা জানান। কর্তব্যরত অবস্থায় তাঁকে প্রহারের অভিযোগে জঙ্গিপুর আদালতে একটি মামলা রুজু করা হয়েছে।

১নং পাটনা বিড়ি, ১নং আজাদ বিড়ি
সিনিয়র রুস্তম বিড়ি

**বঙ্গ আজাদ বিড়ি ফ্যাক্টরী**

পোঃ ধুলিয়ান ( মুর্শিদাবাদ )
সেলস্ অফিস : গৌহাটি ও তেজপুর
ফোন : ধুলিয়ান—২১

সবার প্রিয় চা—

**চা ভাণ্ডার**

রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১৬

Phone :- Farakka 24

**ডাঃ এস, এ, তালেব**
ডি এম এস

পোঃ ফরাক্কা ব্যারেজ, মুর্শিদাবাদ। হোমিওপ্যাথি মতে যাবতীয় পুরাতন রোগের চিকিৎসা করা হয়।

**হিকো**

ইলেকট্রিক মোটর ও
মোটর পাম্পসেট

ডিলার : **ঊষা হার্ডওয়ার ষ্টোর**
বাবুলবোনা রোড, বহরমপুর
মুর্শিদাবাদ

### জরুরী ত্রাণ

নিজস্ব সংবাদদাতা : লুথারান ওয়ারলড সারভিসের জরুরী ত্রাণ শাখার উদ্যোগে সুতী ১ ও ২ এবং রঘুনাথগঞ্জ ১নং ব্লকে কাজের বিনিময়ে খাদ্য প্রকল্পে তিনটি সড়ক সংস্কারের কাজ পুরোদমে চলছে। ১৯ মারচ পর্যন্ত প্রকল্পগুলিতে ২৭৯০ জন শ্রমিক কাজ পেয়েছেন। বিনিময়ে ৮৪ কুঃ গম দেওয়া হয়েছে। এ ছাড়াও ৫টি পুষ্টিকর খাদ্য বিতরণ কেন্দ্র থেকে ওই দিন পর্যন্ত ১১৪৯১ জন লোকের মধ্যে ১৭২৩ কেজি আটার রুটি, ৫৭৪ কেজি গুড় এবং ৪৪৯০ টিন ক্যানড ফিশ বিতরণ করা হয়েছে। খবরগুলি জানিয়েছেন বিভাগীয় শাখার এলাকা পর্যবেক্ষক দিলীপকুমার সমাদ্দার।

### গ্রামে যাত্রা প্রতিযোগিতা

জঙ্গিপুর, ২২ মারচ—সম্মাননগর উদয়ন সংঘের পরিচালনায় ১৬ মারচ থেকে শুরু করে আজ পর্যন্ত সাত দিনব্যাপী যাত্রা প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন হয়। ডোমকল, জোতকমল, লালগোলা, অরঙ্গাবাদ, সাহাবাদ থেকে বিভিন্ন দল প্রতিযোগিতায় অংশ গ্রহণ করে।

### টেণ্ডার নোটিশ

এতদ্দ্বারা বিড়ি সরবরাহকারী ও বিড়ির লেবেল প্যাকার ঠিকাদারগণকে জানানো যাইতেছে যে, আগামী ১৩৮৫ সালের ১লা বৈশাখ হইতে এক বৎসরের জন্য বিড়ি সরবরাহ ও লেবেল প্যাকিং করিতে ইচ্ছুক ঠিকাদারগণ ১৩৮৪ সালের ৩১শে চৈত্রের মধ্যে সীল করা টেণ্ডার অরঙ্গাবাদের সংশ্লিষ্ট বিড়ি ব্যবসায়িগণের নিকট পৃথকভাবে দাখিল করিবেন।

**শ্রীআশুতোষ চক্রবর্ত্তী**
সেক্রেটারী,
অরঙ্গাবাদ বিড়ি মার্চেন্টস্ এসোঃ
১৪ই চৈত্র, ১৩৮৪ সাল।
পোঃ অরঙ্গাবাদ, জেলা মুর্শিদাবাদ

**ক্যালকাটা সাইকেল ষ্টোর**
( জগন্নাথের সাইকেলের দোকান )

ফুলতলা রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )
বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস বিক্রয় ও মেরামতির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

### স্কুলে অচলাবস্থা

( ১ম পৃষ্ঠার পর )

ষ্টাফকে তাঁদেরই আবেদনক্রমে নিয়োগ করা হয়। পরবর্তীকালে কিছু ব্যক্তির সহযোগিতায় নবম-দশম শ্রেণী উঠিয়ে দিয়ে গিরিয়া জুঃ হাই স্কুলকে অন্যত্র চলে যাবার 'অবাস্তব সিদ্ধান্ত' নিতে বাধ্য করেন।

### দুঃসহ জলাভাব

( ১ম পৃষ্ঠার পর )

কিন্তু বার বার জানানো সত্ত্বেও কোন ব্যবস্থা নেওয়া হয়নি বলে অভিযোগ। হাসপাতাল কর্তৃপক্ষও লিখিতভাবে জলাভাবের কথা বিডিও অফিসে জানিয়েছেন। আপাততঃ দুঃসহ অবস্থার মধ্যে হাসপাতালের রোগীরা ত্রাহি ত্রাহি রব ছাড়ছেন।




**আপনার সৌন্দর্যকে ধ'রে রাখা কি কষ্টকর?**

একেবারেই না—যদি বসন্ত মালতী আপনার প্রতিদিনের সঙ্গী হয়। লানোলিন, চন্দন তেল ও নানান উপাদানে সমৃদ্ধ বসন্ত মালতী আপনার ত্বকের সব রকম ক্ষয় রোধ করে। ত্বকের ছিদ্রপথগুলি বন্ধ হ'য়ে গেলে ত্বকের পক্ষে তা'র খাদ্য গ্রহণ করা সম্ভব হয় না। তাই ক্রমে ত্বক শুকিয়ে আপনার সৌন্দর্য ম্লান ক'রে দেয়। বসন্ত মালতীর ব্যবহারে ত্বকের ছিদ্রপথগুলি খোলা থাকে, আর ত্বক তা'র উপযুক্ত খাদ্য গ্রহণ করতে পেরে আপনার সৌন্দর্যের কমনীয়তা বহু বছর ধ'রে অক্ষুণ্ণ রাখতে সমর্থ হয়। বসন্ত মালতীর সুগন্ধ সারাদিন ধ'রে আপনার মনে এক অপূর্ব মূর্ছনা জাগায়।




রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।